দৈনিক বাংলা

তারিখ .. 28 DEC 1993..
পৃষ্ঠা... ১ ... কলাম .. ৩ ...

০৭

# ভার্সিটি অধ্যাদেশ সংশোধন হলে অচলাবস্থা হবে ঃ শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সংসদীয় কমিটির সভায় ৪টি বিশ্ববিদ্যালয়ের আইন সংশোধনের সিদ্ধান্তের ব্যাপারে ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছে।

সোমবার অনুষ্ঠিত শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সভায় সংসদীয় কমিটির সিদ্ধান্তে গণতান্ত্রিক পরিবেশ ক্ষুণ্ন হবার আশংকায় উদ্বেগ প্রকাশ করা হয়। ( ৩-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## ভার্সিটি অধ্যাদেশ

( প্রথম পৃষ্ঠার পর )

শিক্ষক সমিতির সভায় মত প্রকাশ করা হয় যে প্রস্তাবিত সংশোধনীসমূহ চূড়ান্তভাবে গৃহীত হলে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে দীর্ঘস্থায়ী অচলাবস্থার সৃষ্টি হয়ে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বিপর্যস্ত হবে। শিক্ষক সমিতি মনে করে প্রস্তাবিত সংশোধনীগুলি বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন ও গণতন্ত্রের পরিবেশ বিনষ্ট করবে এবং মুক্তিযুদ্ধের মূল্যবোধের ওপর বড় ধরনের আঘাত বলে বিবেচিত হবে।

সভায় বলা হয়, শিক্ষকদের সঙ্গে আলোচনা না করে বিশ্ববিদ্যালয়সমূহের আইন সংশোধনের ব্যাপারে কোন পদক্ষেপ আনা হবে না— এ প্রতিশ্রুতির পরও সংসদীয় কমিটি এই সিদ্ধান্ত নিয়ে গণতান্ত্রিক মূল্যবোধকে পদদলিত করছে।

শিক্ষক সমিতি গণতন্ত্রমনা সকল ব্যক্তি ও শক্তিকে এ সংশোধনীর ব্যাপারে সোচ্চার হওয়ার আহবান জানিয়েছে।

এ ব্যাপারে আলোচনার জন্য সমিতি আগামীকাল বুধবার বিকাল ৪টায় ক্লাব ভবনে জরুরী সাধারণ সভা আহবান করেছে। খবর বিজ্ঞপ্তি।